# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৪. ১৫. ৯. যীশুকে রাজা হিসাবে চায় না এমন সকলকে হত্যার নির্দেশ

আমরা ইতোপূর্বে দেখেছি যে, যীশুও নির্বিচার গণহত্যার নির্দেশে দিয়ে বলেছেন: ‘‘পরন্তু আমার এই যে শত্রুগণ ইচ্ছা করে নাই যে, আমি তাহাদের উপরে রাজত্ব করি, তাহাদিগকে এই স্থানে আন, আর আমার সাক্ষাতে বধ কর।’’ কি. মো.-০৬: ‘‘আমার শত্রুরা যারা চায়নি আমি বাদশাহ হই, তাদের এখানে নিয়ে এস এবং আমার সামনে মেরে ফেল (But those mine enemies, which would not that I should reign over them, bring hither, and slay them before me)।’’ (লূক ১৯/২৭)

এটা বাহ্যত একটা কঠিন নির্দেশ। সকল অখ্রিষ্টান নারী, পুরুষ, শিশু ও বৃদ্ধই এ নির্দেশের আওতায় পড়েন। সকল নাস্তিক ছাড়াও সকল হিন্দু, বৌদ্ধ, ইহুদি, মুসলিম ও অন্যান্য সকল ধর্মের অনুসারীদের ঢালাওভাবে হত্যার এ নির্দেশ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14568

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন